

নাশিব না বাঁদর

ভোরবেলায় ওটা ছিল একতাল কাদা
তখন ওটা দিয়ে
শিবঠাকুর, বুড়োবুড়ি, বর-বৌ, বাঘ, সিংহ
যা খুশি তাই বানানো যেতো

শুয়ে - বসেসারাদিন গেছে
এখন এই শেষ বিকেলে
চাঁদকে সামনে রেখে তারারা যখন
সূর্যকে একেবারে পশ্চিমে ঠেলে দিয়েছে
হাতের তুলতুলে কাদাটা ততক্ষণে শব্দ হুঁট

এখন ওটা দিয়ে
না গড়া যাবে শিব, না বাঁদর

সু. ব. তত্ত্বাচার্য

